

জীবন বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১

কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।— (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (গ) “মনোনীত ব্যক্তি” অর্থ জীবন বীমাকারী অথবা ব্রোকার কর্তৃক নির্ধারিত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এই প্রবিধানমালার অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়ন করিতে ক্ষমতাবান কর্মকর্তা;
- (ঘ) “লাইসেন্স” অর্থ বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী হিসেবে কাজ করার নিমিত্ত এই প্রবিধানমালার অধীনে ইস্যুকৃত অনুমতির সনদপত্র;
- (ঙ) “বাস্তব প্রশিক্ষণ” অর্থ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বীমা বিক্রী, সরবরাহ ও বিপণনের প্রশিক্ষণকে অন্তর্ভুক্ত করিবে;
- (চ) “বীমাগ্রহীতা” অর্থ বীমা পণ্যের একজন সম্ভাব্য গ্রাহক।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন), তে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। জীবন বীমা এজেন্টকে অস্থায়ী লাইসেন্স প্রদান।— (১) কোন ব্যক্তি (অতঃপর ‘আবেদনকারী’ হিসাবে উলি-খিত), যিনি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি,) পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তিনি মনোনীত কর্মকর্তার নিকট জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য **FORM IDRA-AGENTS-LA** তে আবেদন করিতে হইবে।

(৩) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারী কর্তৃক পরিশোধযোগ্য ফি এর পরিমাণ এবং উক্ত ফি পরিশোধের পদ্ধতি প্রবিধান ১১ তে বর্ণিত বিধানাবলী অনুযায়ী হইবে।

(৪) জীবন বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের ধারক অথবা অন্য কোন ব্যক্তি যাহাকে কোন সময় উক্তরূপ অস্থায়ী লাইসেন্স প্রদান করা হইয়াছিল, তিনি নবায়নযোগ্য অস্থায়ী লাইসেন্সের নিমিত্ত আবেদন করিতে পারিবেন না।

